

🗏 আস-সাফফাত | As-Saffat | ٱلصنَّافَّات

আয়াতঃ ৩৭: ৩৭

আরবি মূল আয়াত:

بَل جَآءَ بِالحَقِّ وَ صَدَّقَ المُرسَلِينَ ﴿٣٧﴾

বরং সে সত্য নিয়ে এসেছিল এবং সে রাসূলদেরকে সত্য বলে ঘোষণা দিয়েছিল। — আল-বায়ান বরং সে [অর্থাৎ মুহাম্মাদ (সা.)] সত্য নিয়ে এসেছে এবং (পূর্বে আগমনকারী) রসূলদেরকে সত্যায়িত করেছে। — তাইসিরুল

বরং সেতো সত্য নিয়ে এসেছে এবং সে সমস্ত রাসূলকে সত্য বলে স্বীকার করেছে। — মুজিবুর রহমান

Rather, the Prophet has come with the truth and confirmed the [previous] messengers. — Sahih International

৩৭. বরং তিনি তো সত্য নিয়ে এসেছেন এবং তিনি রাসূলদেরকে সত্য বলে স্বীকার করেছেন।

তাফসীরে জাকারিয়া

(৩৭) বরং সে (মুহাম্মাদ) তো সত্য নিয়ে এসেছে এবং সমস্ত রসূলদের সত্যতা স্বীকার করেছে। [1]

[1] অর্থাৎ, তোমরা আমার পয়গম্বরকে কবি ও পাগল বলছ, অথচ তিনি যা নিয়ে এসেছেন ও উপস্থাপন করছেন তা সত্য এবং তা তো সেই জিনিসই, যা তাঁর পূর্ববর্তী সকল পয়গম্বরগণ উপস্থাপন করেছেন। এরূপ মহৎ কাজ কি কোন পাগলের বা কোন কবির কল্পনার ফল হতে পারে?

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3825

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন